

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১১১. নবীর এ বাণীগুলো একটু ভেবে দেখুন

"আল্লাহ যদি কোনো জাতিকে ভালোবাসেন তবে তিনি তাদেরকে পরীক্ষা করেন; এতে যে সম্ভষ্ট থাকে তার জন্য রয়েছে সম্ভুষ্টি আর এতে যে ক্রুদ্ধ হয় তার জন্য রয়েছে গজব।"

"সর্বাপেক্ষা কঠিন পরীক্ষা করা হয়েছে (সর্বোত্তম মানুষ) নবীদেরকে এর পরবর্তী স্তরের লোকদের জন্য এর পরবর্তী স্তরের পরীক্ষা মানুষকে তার ধর্মের গুরুত্ব অনুসারে পরীক্ষা করা হয়, যদি তার দীনদারী শক্ত স্তরের হয় তবে তার পরীক্ষাও কঠিন স্তরের হয়। যদি তার দীনদারী দুর্বল স্তরের হয় তবে তার পরীক্ষাও তদানুপাতে (দুর্বল) স্তরের হয়। জমিনের বুকে কোনরূপ ভুল ছাড়া চলার আগ পর্যন্ত বান্দাকে অনবরত পরীক্ষা করা হতে থাকবে।" "মুমিনের অবস্থা ও কাজ কারবার বড়ই আশ্চর্যজনক। কেননা তার সব কিছুই তার জন্য কল্যাণকর। আর এটা মু'মিন ছাড়া অন্য কারো জন্যে নয়। যদি তার কোনো কল্যাণ হয় তবে সে শোকরিয়া আদায় করে এবং এটা তার জন্য কল্যাণকর আর যদি তার কোনো ক্ষতি হয় তবে সে ধৈর্য ধরে আর এটা তার জন্য কল্যাণকর হয়ে যায়।"

"যেনে রাখ! যদি সব মানুষ তোমার উপকার করার জন্য একত্রিত হয় তবে তারা তোমার কোনো উপকারই করতে পারবে না- তবে শুধুমাত্র এতটুকু উপকার করতে পারবে যতটুকু আল্লাহ তোমার জন্য তকদীরে লিখে রেখেছেন। আর তারা যদি তোমার কোন ক্ষতি করার জন্য একত্রিত হয় তবে তারা তোমার কোন ক্ষতিই করতে পারবে না- তবে শুধুমাত্র ততটুকু ক্ষতি করতে পারবে যতটুকু আল্লাহ তোমার জন্য তকদীরে লিখে রেখেছেন।" "ধামিকদেরকে তাদের স্তর অনুপাতে পরীক্ষা করা হয়।"

"মু'মিন ব্যক্তি শস্যের কচি ডগার মতো যা বাতাসে ডানে বামে হেলে দুলে যায়।"

Source — https://www.hadithbd.com/books/link/?id=7620

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন